"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫,নিউ বেইলী রোড, ঢাকা।

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সংস্থার নৈতিকতা কমিটির গত ১৫/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত (২০২২ – ২০২৩) অর্থ বছরের ৩য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবেদা আক্তার |
| তারিখ | : | ১৫/০৩/২০২৩ |
| সময় | : | বিকাল ২:৩০ টা |
| স্থান | : | জাতীয় মহিলা সংস্থার সভা কক্ষ (৫ম তলা)। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। জাতীয় মহিলা সংস্থার প্রোগ্রাম অফিসার ও নৈতিকতা কমিটির সদস্য-সচিব জনাব আফরোজা বেগমকে সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সভাপতি অনুরোধ জানান। পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়।

০২। নৈতিকতা কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, ২০২২ - ২০২৩ অর্থ বছরের সংস্থার শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নির্দিষ্ট সময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করাসহ ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। ১ম ও ২য় কোয়ার্টারের সভা যথাযথভাবে সম্পন্ন হয়েছে । জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অনুযায়ী সংস্থার আওতাধীন কার্যক্রম বাস্তবায়ন করার বিষয়ে ২য় ত্রৈমাসিক কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও অগ্রগতি নিয়ে সভায় আলোচনা করা হয়। সভাপতি প্রশিক্ষণ খাতে অর্থের হিসাব জরুরী ভিত্তিতে প্রদানের জন্য সংস্থার উপপরিচালককে অনুরোধ জানান। তিনি চাহিদা অনুযায়ী স্টোরের মালামাল ক্রয় নিশ্চিত করার জন্যও সভায় অনুরোধ জানান। সংস্থা কর্তৃক এবং সংস্থার আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সংস্থার আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ৩য় কোয়ার্টারের ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে সংস্থায় প্রদানের জন্য সভাপতি অনুরোধ জানান।

৩। বিস্তারিত আলোচনাশেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১। | নৈতিকতা কমিটির সভা আয়োজন | চলতি অর্থ বছরে (২০২২-২০২৩) প্রতি কোয়ার্টারে ১টি করে মোট ০৪টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। নৈতিকতা কমিটির সভা প্রতি তিন মাস অন্তর অনুষ্ঠিত হয়। চলতি অর্থ বছরের (২০২২ - ২০২৩ ) নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভা (জুলাই ২০২২ - সেপ্টেম্বর ২০২২) গত ০২/১১/২০২২ তারিখে এবং ২য় ত্রৈমাসিক সভা (অক্টোবর ২০২২ - ডিসেম্বর ২০২২) ১৩/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। | কমিটির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক/ উপপরিচালক/ প্রোগ্রাম অফিসার, জামস। |
| ২। | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ২০২২-২০২৩ অর্থ বছরের কর্ম পরিকল্পনা অনুযায়ী নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তের ৭০% বাস্তবায়ন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। গত ৩০/১০/২০২২ তারিখে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ফিডব্যাক জুম সভায় নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তের ১০০% বাস্তবায়ন করার বিষয়ে নির্দেশনা পাওয়া যায়। সে মোতাবেক ২য় কোয়ার্টারের প্রতিবেদনে সংশোধন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। চলতি অর্থ বছরে সংস্থার শাখা এবং প্রকল্প সমূহের ৩য় কোয়ার্টারের (অক্টোবর ২০২২ - ডিসেম্বর ২০২২) কার্যক্রম অনতিবিলম্বে বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা হয় যা পরর্বর্তীতে ৩য় ত্রৈমাসিক প্রতিবেদনে সন্নিবেশিত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | পরিচালক/ উপপরিচালক (প্রশিক্ষণ, প্রকাশনা ও উন্নয়ন)/ (প্রশাসন, হিসাব ও অর্থ)/ সকল কর্মকর্তা, জামস। |

